



আবেদন প্রক্রিয়া: শুরু থেকে রেজিস্ট্রেশন পর্যন্ত 10 টি পদক্ষেপ

1. **আবশ্যিক নথি এবং তথ্য জোগাড় করুন:** বিশেষ বিশেষ প্রোগ্রামের হয়তো অতিরিক্ত প্রয়োজনীয়তা থাকতে পারে। অনুগ্রহ করে সব নির্দেশগুলি মনোযোগ দিয়ে পড়ুন

বর্তমানে DeKalb County School District-এ ভর্তি

- শিক্ষার্থীর আইডি নম্বর (7 সংখ্যার) – রিপোর্ট কার্ড দেখুন
- অভিভাবকের ইমেইল ঠিকানা

DeKalb County School District-এ নতুন বা ফেরত আসা

- অভিভাবকের ইমেইল ঠিকানা
- বাসস্থানের প্রমাণ-গ্যাস, পানি, বিদ্যুতের বিল (সর্বাধিক 60 দিন পুরোনো), বন্ধক/ইজারা চুক্তি,
 - যদি উপরের নির্দেশ মতো বাবা-মায়ের নামে বাসস্থানের প্রমাণ না থাকে, তাহলে একটি স্কুল চয়েস বাসস্থানের হলফনামার ফরম প্রয়োজন। এখানে ফরম পাওয়া যাবে:
www.dekalbschoolsga.org/school-choice/forms-and-brochures/
অ্যাফিডেভিটে তালিকাভুক্ত সব নথিগুলি আনুন। **তালিকাভুক্ত নথিগুলি ছাড়া অন্যান্য নথি জমা দিলে তা আবেদনটি অযোগ্য হয়ে যাবে।**
- জন্ম সার্টিফিকেট
- বর্তমান স্কুল শিক্ষা বর্ষের ফল সেমিস্টারের রিপোর্ট কার্ড
- M.A.P. হাই অ্যাচিভার্স ম্যাগনেট প্রোগ্রাম আসনের জন্য আবেদন করলে **তবেই** M.A.P. পরীক্ষার স্কের লাগবে।

2. **স্কুল চয়েস প্রোগ্রাম ও স্কুল অন্বেষণ করুন** – আপনার সন্তানের শেখার শৈলী, সে কোনগুলোতে ভালো এবং আগ্রহের সঙ্গে প্রোগ্রাম মেলান
3. **প্রোগ্রাম, লটারিতে যোগ্যতার মানদণ্ড, নির্বাচন প্রক্রিয়া এবং লটারি পুলগুলি পর্যালোচনা করুন**
<http://www.dekalbschoolsga.org/school-choice/programs/>
4. **পরিবহণ নীতি বিবেচনা করুন।**
5. **আপনার প্রোগ্রাম এবং স্কুলগুলি বেছে নিন।**
6. <http://www.yourchoicedekalb.org> -এ যান আবেদন করার জন্য এখন আবেদন করুন/সাইন ইন করুন ট্যাবে ক্লিক করুন।

DeKalb High School of the Arts (গ্রেড 8-12) এবং DeKalb Elementary School of the Arts (গ্রেড 4-7) এর **অডিশন আবেদনকারীদের** অবশ্যই:

- **1ম:** স্কুল পছন্দের অনলাইন আবেদন জমা দেবেন।
- **2য়:** অডিশন আবেদনের প্যাকেট ডাকযোগে বা সরাসরি স্কুলে পৌঁছাতে হবে।

IB প্রেপ (গ্রেড 9, 10) এবং IB ডিপ্লোমা (গ্রেড 11, 12) আবেদনকারী, যারা Tucker High, Druid Hills High বা MLK Jr High Schools-এ আবেদন করছেন তাদেরকে অবশ্যই

- **প্রথমত:** স্কুল পছন্দের অনলাইন আবেদন জমা দেবেন।
- **দ্বিতীয়ত:** IB আবেদনের পৃষ্ঠাসমূহ একটি ইমেইলের মাধ্যমে প্রত্যেকটি IB স্কুলকে আলাদা করে পাঠাবেন।

Arabia Mountain High School ম্যাগনেট প্রোগ্রামের শিক্ষকের সুপারিশ এবং ভিডিও ইন্টারভিউ ফরম ও ব্রোশিওরে যেমনভাবে বলা আছে তেমনভাবে অবশ্যই সরাসরি স্কুলে জমা দিতে হবে।



**DSA & DESA অডিশন, IB প্রেপ বা IB ডিপ্লোমা ও Arabia Mtn HS
ডাউনলোডযোগ্য/সম্পাদনযোগ্য আবেদনের পৃষ্ঠাগুলি এখানে পাওয়া যাবে:**

<http://www.dekalbschoolsga.org/school-choice/forms-and-brochures/>

7. **আবেদনের স্থিতি এবং বিজ্ঞপ্তির জন্য** বারংবার আপনার ইমেইল ইনবক্স ও অ্যাপ্লিকেশন ড্যাশবোর্ডটি দেখুন। নিয়মিত ইমেইল দেখা ও অ্যাপ্লিকেশনে লগ ইন করা আপনার দায়িত্ব। যদি আপনি কোন ইমেইল না পান, তাহলে অনুগ্রহ করে আপনার ইমেইল অ্যাকাউন্টের স্প্যাম বা জাঙ্ক ফোল্ডার দেখুন। স্থিতি সম্পর্কিত তথ্য অ্যাপ্লিকেশন ড্যাশবোর্ডের উপরে থাকা **মেসেজ বক্সে** পাওয়া যাবে।
8. **লটারির দিনে (25 মার্চ, 2022), আপনার অ্যাপ্লিকেশনে লগইন করে ফলাফল দেখুন।** আপনার ইমেইল এবং স্কুল চয়েসের ড্যাশবোর্ডটি নিয়মিত দেখা আপনার দায়িত্ব।
9. **যদি আবেদনকারীকে কোন প্রোগ্রামে স্বীকার করা হয়, তাহলে ইমেইলে পাঠানো নির্বাচনের চিঠিতে নির্দিষ্ট করা সময়সীমার মধ্যে অনলাইন ড্যাশবোর্ডে থাকা স্বীকার বা খারিজ করার বিকল্প বেছে নিন।** আসনে প্লেসমেন্টটি স্বীকার করলে, অন্যান্য সব পছন্দগুলি খারিজ হয়ে যাবে, কারণ একজন শিক্ষার্থী দুটি ভিন্ন স্কুল বা প্রোগ্রামে ভর্তি থাকতে পারে না।
10. **সময়সীমার তারিখের মধ্যে** আপনার আসন গ্রহণ করতে স্কুলে রেজিস্টার করান। প্রতিটি স্কুলের ওয়েবসাইটে শেষ তারিখ দেয়া আছে। প্রথম দফার লটারির ফলাফলের পাঁচ দিনের রেজিস্ট্রেশন সময়সীমা থাকে। **যে আবেদনকারী নির্বাচনের চিঠিতে দেয়া সময়সীমার মধ্যে স্কুলে রেজিস্টার করবে না তার আবেদন স্বেচ্ছায় বাজেয়াপ্ত/অটো-ডিক্লাইনড হয়ে যাবে এবং আসনটি অপেক্ষা তালিকায় ক্রমানুসারে থাকা আবেদনকারীদের কাছে যাবে।** অভিভাবক বা অটো-ডিক্লাইনের মাধ্যমে একবার কোন আসন খারিজ করা হলে, তা আর ফেরানো সম্ভব নয়। যদি স্কুলের ওয়েবসাইটে রেজিস্ট্রেশনের তারিখ না দেয়া থাকে, তাহলে স্কুলে ফোন করে তারিখ জেনে নেয়ার দায় অভিভাবকের।

আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে স্কুল চয়েসের ওয়েবসাইটটিতে যান:

<http://www.dekalbschoolsga.org/school-choice/>